সংবাদ

তারিখ ... 23 JUN 2016 ...
পৃষ্ঠা ...2... কলাম ...8...

শিক্ষার্থী নির্বাচন সফটওয়্যার উদ্বোধনকালে শিক্ষামন্ত্রী

# উপবৃত্তি দেশের উন্নয়নে সেরা বিনিয়োগ হিসেবে সারাবিশ্বে প্রশংসিত

নিজস্ব বার্তা পরিবেশক

দেশের শিক্ষা খাতের উন্নয়নে উপবৃত্তি ও বিনামূল্যে পাঠ্যপুস্তক বিতরণ কর্মসূচি জাতীয় উন্নয়নে সেরা বিনিয়োগ হিসেবে সারাবিশ্বের প্রশংসা অর্জন করেছে বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। তিনি শিক্ষা ক্ষেত্রে দেশের সাফল্য অব্যাহত রাখতে এ ধরনের শিক্ষামুখী কর্মসূচি সর্বোচ্চ সততা ও নিষ্ঠার সাথে বাস্তবায়নের জন্য শিক্ষক-কর্মকর্তাসহ সংশ্লিষ্টদের প্রতি আহবান জানান।

মন্ত্রী গতকাল ঢাকায় সারাদেশে শিক্ষা প্রতিষ্ঠানসমূহে অধ্যয়নরত দরিদ্র শিক্ষার্থীদের উপবৃত্তি প্রদানের ক্ষেত্রে যথাযথ শিক্ষার্থী নির্বাচনের লক্ষ্যে নতুন উদ্ভাবিত সফটওয়্যারের উদ্বোধন অনুষ্ঠানে এ আহ্বান জানান।

তিনি সেগুনবাগিচায় আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট মিলনায়তনে আয়োজিত এ অনুষ্ঠান থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে নতুন উদ্ভাবিত সফটওয়্যারের সাহায্যে উচ্চ মাধ্যমিক পর্যায়ের উপবৃত্তি প্রদানের জন্য মেহেরপুরের মুজিবনগর সরকারি কলেজ, সিলেটের মদন মোহন কলেজ এবং পিরোজপুর সরকারি মহিলা কলেজে শিক্ষার্থী নির্বাচন প্রক্রিয়া প্রত্যক্ষ করেন।

নতুন এ পদ্ধতিতে উপবৃত্তি পেতে ইচ্ছুক শিক্ষার্থীরা নিজেরাই শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমে অনলাইনে নির্ধারিত ফরম পূরণ করবে এবং তাদের আবেদন যাচাই করে উপবৃত্তির জন্য নির্বাচন করা হবে।